

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (উচ্চ বিদ্যালয়) বাংলা মাধ্যম (সহ শিক্ষা)

বিষয় - জীবন বিজ্ঞান

ASSESSMENT - 1

শ্রেণি - দশম

Full Marks: 40

Time: 1 Hr. 10 Mins.

বিভাগ ক :

১. প্রতিটি প্রশ্নের সঠিক উত্তরটি নির্বাচন করে তার ক্রমিক সংখ্যা সহ বাক্যটি সম্পূর্ণ করে লেখো : প্রশ্নমান - ১\* ১০ = ১০

১.১ যে চলনে উদ্ভিদের স্থান পরিবর্তন হয়, সেটি হলো -

ক) ট্রপিক চলন

খ) ট্যাকটিক চলন

গ) ন্যাস্টিক চলন

ঘ) অ্যামিবয়েড চলন

১.২ নীচের কোনটি উদ্ভিদের সাড়াপ্রদানে বাহ্যিক উদ্দীপক হিসেবে কাজ করে না ?

ক) হরমোন খ) তাপমাত্রা গ) আলো ঘ) স্পর্শ

১.৩ সূর্যশিশির নামক পতঙ্গভূক উদ্ভিদের পাতার কর্ণিকাগুলি পতঙ্গদেহের সংস্পর্শে আসামাত্র বেঁকে গিয়ে পতঙ্গকে চেপে ধরে। এটি হলো -

ক) সিসমোন্যাস্টি খ) থার্মোন্যাস্টি গ) ফটোন্যাস্টি ঘ) কেমো ন্যাস্টি

১.৪ ইস্ট্রোজেন হরমোনের ক্ষরণ কোন ট্রফিক হরমোন নিয়ন্ত্রণ করে ?

ক) LH খ) FSH গ) ACTH ঘ) ADH

১.৫ প্রদত্ত কোন জোড়টি সঠিক ?

ক) সংকটকালীন হরমোন - থাইরক্সিন

খ) অ্যান্টিকিটোজেনিক হরমোন - আড্রিনালিন

গ) ইনসুলিনের কমক্ষরণ - বহুমূত্র

ঘ) বীজের সুপ্ত অবস্থা ভঙ্গ - জিব্বেরেলিন

১.৬ লঘু মস্তিষ্কের কাজটি শনাক্ত করো :

ক) সংবহন তন্ত্র ও শ্বাসকার্য নিয়ন্ত্রণ করে

খ) প্রতিবর্ত ক্রিয়া ও স্বয়ংক্রিয় স্নায়ুতন্ত্রের কেন্দ্ররূপে কার্য করে।

গ) পেশিটান ও দেহের ভারসাম্য নিয়ন্ত্রণ করে।

ঘ) বুদ্ধি ও আবেগ নিয়ন্ত্রণ করে।

১.৭ মিশ্র স্নায়ু হলো -

ক) স্পাইনাল অ্যাকসেসরি

খ) অপটিক

গ) গ্লসোফ্যারিঞ্জিয়াল

ঘ) অডিটরি

১.৮ পীতবিন্দু সম্পর্কে কোন বক্তব্যটি সঠিক নয়?

ক) এটি রেটিনায় অবস্থিত

খ) তারারন্ধ্রের বিপরীতে অবস্থিত

গ) এই অংশে অপটিক স্নায়ু যুক্ত থাকে

ঘ) চোখের সবথেকে আলোক সুবেদী অংশ

১.৯ হাত বা পা ভাঁজ করার জন্যে যে পেশি কাজ করে -

ক) অ্যাডাকটর

খ) অ্যাবডাকটর

গ) ফ্লেক্সর

ঘ) এক্সটেশর

১.১০ মানুষের জনন কোশে অটোজোমের সংখ্যা হলো -

ক) ২৩

খ) ২২

গ) ৪৬

ঘ) ৪৪

বিভাগ খ:

২. নীচের প্রশ্নগুলির উত্তর নির্দেশ অনুসারে লেখো :  $১*২০ = ২০$

শূন্যস্থান পূরণ করো :  $১*৫ = ৫$

২.১ থাইরয়েড হরমোনের প্রধান উপাদান \_\_\_\_\_ .

২.২ অংকুরিত বীজের ভ্রূণমূল ও ভ্রূণমুকুলে \_\_\_\_\_ চলন দেখা যায়।

২.৩ টারপিনয়েড গোস্টিভুক্ত একটি উদ্ভিদ হরমোন হলো \_\_\_\_\_ .

২.৪ হাইপারমেট্রোপিয়া ক্রটিতে প্রতিবিশ্ব রেটিনার \_\_\_\_\_ গঠিত হয়।

২.৫ \_\_\_\_\_ অনুর ঘন কুন্ডলীকৃত গঠনই হলো ক্রোমোজোম।

নীচের বাক্যগুলির সত্য অথবা মিথ্যা নিরূপন করো :  $১*৫ = ৫$

২.৬ ন্যাষ্টিক চলন এক প্রকার বক্রচলন।

২.৭ রিচমন্ড ল্যাং প্রভাবের সঙ্গে সম্পর্ক যুক্ত হরমোনটি হলো অক্সিন।

২.৮ ADH এর অপর নাম অক্সিটোসিন।

২.৯ সাইকেল চালানো সরল প্রতিবর্ত ক্রিয়া।

২.১০ DNA এর অ্যাডিনিন ও থাইমিনের মধ্যে তিনটি হাইড্রোজেন বন্ধনী থাকে।

একটি শব্দে বা একটি বাক্যে উত্তর দাও :  $১*১০ = ১০$

২.১১ বিসদৃশ শব্দটি বেছে লেখো :

FSH , TSH, ICSH ,LH

২.১২ অক্ষিগোলকের লেন্স ও রেটিনার অন্তর্বর্তী প্রকোষ্ঠে অবস্থিত তরলটির কাজ কী ?

২.১৩ ACTH এর সম্পূর্ণ নাম লেখো।

২.১৪ নীচে সম্পর্ক যুক্ত একটি শব্দ জোড় দেওয়া আছে। প্রথম জোড়টির সম্পর্ক বুঝে দ্বিতীয় জোড়টির শূন্যস্থানে উপযুক্ত শব্দ বসায়:

ফটোট্রোপিজম : আলোর গতিপথ : : ফোটোনাস্টিক : \_\_\_\_\_

২.১৫ কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের বাইরে অবস্থিত ত্রিস্তরীয় পর্দার নাম কী ?

২.১৬ ক্রোমোজোমের দুটি ক্রোমাটিড পরস্পরের সঙ্গে কোন অংশে যুক্ত থাকে ?

২.১৭ নীচের চারটি বিষয়ের মধ্যে তিনটি একটি বিষয়ের অন্তর্গত। বিষয়টি খুঁজে বার করো এবং লেখো :

অক্সিন, ফাইটোহরমোন, জিব্বারেলিন, সাইটোকাইনি

২.১৮ রেমিজেস কি?

২.১৯ দুটি অম্লিক অ্যামাইনো অ্যাসিডের নাম লেখো।

২.২০ টেলোমিয়ারের একটি কাজ লেখো।

**বিভাগ গ :**

**সংক্ষিপ্ত উত্তর ভিত্তিক প্রশ্ন :**

৩. নীচের প্রশ্নগুলির উত্তর দুই তিন বাক্যে লেখো  $2*5=10$

৩.১ নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলির ভিত্তিতে ট্রপিক ও ন্যাস্টিক চলনের মধ্যে দুটি পার্থক্য নিরূপণ করো :

১. উদ্ভীপকের সাথে সম্পর্ক

২. অক্সিন হরমোনের সাথে সম্পর্ক

৩.২ নিচের উল্লিখিত রোগগুলি কোন কোন হরমোনের আধিক্যে অথবা অভাবে ঘটে তা স্থির করে লেখো :

- ডোয়ার্ফিজম
- ডায়াবেটিস ইনসিপিডাস
- মধুমেহ
- গয়টার

৩.৩ নীচের ঘটনাগুলি ঘটলে মানুষের প্রাত্যহিক জীবনে প্রতিবর্ত ক্রিয়া ঘটে। এই প্রতিবর্ত ক্রিয়া দুটির গুরুত্ব লেখো :

- যখন শ্বাসনালিতে খাদ্যকণা ঢুকে পড়ে
- যখন নাকের মধ্যে কোনো বিজাতীয় বস্তু ঢুকে পরে

৩.৪ নিম্নলিখিত বৈশিষ্ট্যের ভিত্তিতে মানুষের অটোজোম ও সেক্স ক্রোমোজোমের মধ্যে পার্থক্য লেখো :

প্রকৃতি

সংখ্যা

৩.৫ সেন্ট্রোমিয়ারের অবস্থান অনুযায়ী ক্রোমোজোম কয় প্রকার ও কী কী ?